ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২১৮৩

আগরতলা,৬ আগস্ট,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

দৈনিক সংবাদ পত্রিকায় গত ২৭.০৭.২০২৫ তারিখে প্রকাশিত "আগরতলা বিমানবন্দর নতুন টার্মিনাল ভবনে পোকা মাকড়ের যন্ত্রণায় অতিষ্ঠ যাত্রী" শীর্ষক সংবাদ প্রতিবেদনটি পরিবহণ দপ্তরের দৃষ্টি আকর্ষণ হয়েছে। এই বিষয়ে দপ্তর থেকে স্পষ্টিকরণে জানানো হয়েছে, এমবিবি বিমানবন্দর পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিধি এবং যাত্রীদের স্বাচ্ছন্দ্যকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়। নিয়ম ও সময়সূচী অনুযায়ী অনুমোদিত সংস্থাগুলির মাধ্যমে নিয়মিতভাবে কীট নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালিত হয়। এই ধরনের সমস্ত কার্যক্রমের নথি যথাযথভাবে সংরক্ষণ করা হয়। বিমানবন্দরের অফিসিয়ালের মাধ্যমে বা উপলব্ধ ফিডব্যাক মেকানিজমের মাধ্যমে কোনো যাত্রীর কাছ থেকে কীটপতঙ্গের উপদ্রব সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি। তবুও, যাত্রীদের মতামত সর্বদা স্বাগত ও মূল্যবান। আমরা যাত্রীদের এই ধরনের কোনো উদ্বেগ সরাসরি বিমানবন্দরের কর্মীদের কাছে জানানোর জন্য উৎসাহিত করছি, যাতে সময় মতো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যায়। এমবিবি বিমানবন্দর সর্বদা একটি নিরাপদ, পরিচ্ছন্ন এবং যাত্রী-বান্ধব পরিবেশ বজায় রাখতে সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।

*****